

# Visit of External Affairs Minister to Kyrgyz Republic, Kazakhstan and Armenia (October 10-13, 2021)

October 09, 2021

## পররাষ্ট্র মন্ত্রীর কিরগিজ প্রজাতন্ত্র, কাজাখস্তান এবং আর্মেনিয়া সফর (অক্টোবর 10-13, 2021)

অক্টোবর 09, 2021

পররাষ্ট্র মন্ত্রী ডঃ এস জয়শংকর অক্টোবর 10-13, 2021 তে কিরগিজ প্রজাতন্ত্র, কাজাখস্তান এবং আর্মেনিয়াতে সরকারি সফর করবেন। বিদেশ মন্ত্রী কিরগিজ প্রজাতন্ত্রে 10-11 অক্টোবর থাকবেন। বিদেশ মন্ত্রী হিসাবে এই দেশে এটা তার প্রথম সফর হবে। কিরগিজ প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির সাথে সাক্ষাতের বাইরে তিনি কিরগিজস্তানের বিদেশ মন্ত্রীর সাথে একটি দ্বিপাক্ষিক বৈঠক করবেন। আশা করা যাচ্ছে যে, এই সফরকালে কয়েকটি চুক্তি/মৌও স্বাক্ষরিত হবে।

11 থেকে 30শে অক্টোবর বিদেশ মন্ত্রী নূর-সুলতানে কনফারেন্স অব ইন্টারেকশন অ্যান্ড কনফিডেন্স বিল্ডিং মেজার ইন এশিয়া (সিআইসিএ)-র ষষ্ঠ মন্ত্রীস্তরীয় বৈঠকে উপস্থিত থাকবেন। বর্তমানে কাজাখস্তান, সিআইসিএ ফোরামের চেয়ারম্যান ও প্রবর্তক। আশা করা যাচ্ছে যে, বিদেশমন্ত্রী কাজাখস্তানের উপ প্রধানমন্ত্রী ও বিদেশ মন্ত্রীর সাথে দ্বিপাক্ষিক আলোচনা করবেন এবং কাজাখ নেতৃত্বদের সাথে সাক্ষাৎ করবেন।

বিদেশ মন্ত্রী 12 থেকে 13 ই অক্টোবর আর্মেনিয়া সফর করবেন। স্বাধীন আর্মেনিয়াতে ভারতের কোনও বিদেশ মন্ত্রীর এটাই সর্বপ্রথম সফর। সেখানে তার আর্মেনিয়াম সমতুল বিদেশমন্ত্রীর সাথে বৈঠক হবে সেই সাথে আর্মেনিয়ার জাতীয় পরিষদের প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতির সাথেও তার বৈঠক হবে।

এই সফর এই তিনটি দেশের সাথে দ্বিপাক্ষিক মৈত্রীবন্ধনের অগ্রগতির পর্যালোচনা এবং সেই সাথে এই অঞ্চলের বিকাশের উপরে দৃষ্টিভঙ্গি ভাগ করে নেবার একটি সুযোগ প্রদান করবে। এটি আমাদের 'প্রসারিত প্রতিবেশিত্ব' নীতির বর্ধিত সম্পৃক্ততার একটি ধারাবাহিকতা হবে।

**নিউ দিল্লি**

**অক্টোবর 09, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.